প্রকল্পে স্থানীয় পরামর্শক নিয়োগ এর Terms of Reference (ToR)

"মৌজা ও প্লট ভিত্তিক জাতীয় ডিজিটাল ভূমি জোনিং" প্রকল্পটি অন্যান্য সাপোর্টিং স্টাফসহ স্থানীয় বিশেষজ্ঞগণের (Individual Local Consultant) মাধ্যমে বাস্তবায়ন করা হবে। একই ধরণের প্রকল্পের আওতায় কর্মরত বিশেষজ্ঞ ও সাপোর্টিং ষ্টাফদের প্রস্তাবিত প্রকল্পে অগ্রাধিকার প্রদান করা হবে। প্রকল্পটি বাস্তবায়নের জন্য পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ অনুসরণপূর্বক নিম্মোক্ত স্থানীয় পরামর্শক নিয়োগ করা হবেঃ-

ছক- পরামর্শকের পদবী, পরিমাণ, যোগ্যতা, সম্মানী ভাতা এবং দায়িত্ব ও কর্তব্য

| ক্র. নং | জনবলের প্রকার | সংখ্যা | সম্মানী ভাতা প্রতি মাসে (লক্ষ টাকায়) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | দায়িত্ব ও কর্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | সিনিয়র ল্যান্ড ইউজ প্ল্যানার | ১ জন | ২.২৫ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে মৃত্তিকা বিজ্ঞান/কৃষি বিজ্ঞান/ভূগোল/সংশ্লিষ্ট ও সামঞ্জস্য বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত কাজে কমপক্ষে ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br><br>প্রাসঙ্গিক কম্পিউটার সফটওয়্যার যথা- এমএসওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ইত্যাদিতে পারদর্শিতা থাকা বাধ্যতামূলক। | • প্রকল্পের সকল কার্যক্রম এবং টিম লিডার কর্তৃক নির্ধারিত সামগ্রিক কার্যক্রমের সমন্বয় সাধন;<br>• প্রকল্পের সামগ্রিক সম্পদ ব্যবস্থাপনা ও ভূমি ব্যবহার পরিকল্পনা এবং জোনিং বিষয়ে দায়িত্ব পালন করা;<br>• প্রকল্পের সকল কার্যক্রম এবং মানচিত্র/প্রতিবেদন প্রণয়নের বিষয়ে দায়িত্ব পালন করাসহ বিভিন্ন সংগঠনের সঙ্গে যোগাযোগ রক্ষা করা;<br>• সঠিক জোনিং এর জন্য প্রয়োজনে মাটি ও পানির নমুনা সংগ্রহ করতঃ পরীক্ষা করে সিদ্ধান্ত গ্রহণ করা;<br>• একটি মাল্টিডিসিপ্লিনারি দলের সঙ্গে সংযুক্ত থেকে মাঠ কার্যক্রম পরিচালনার দায়িত্ব পালন করা;<br>• প্রকল্পের কার্যক্রম সঠিক ও সুষ্ঠু ভাবে চালু রাখার জন্য প্রয়োজনীয় ডিজাইন ও নির্দেশাবলী প্রণয়ন করা;<br>• এনপিডি/ডিপিডি/টিম লিডার কর্তৃক নির্ধারিত অন্য যে কোন কার্যক্রম। |
| ২. | কৃষি অর্থনীতিবিদ | ১ জন | ২.০০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কৃষি অর্থনীতি/ উন্নয়ন অর্থনীতি/অর্থনীতি/ সংশ্লিষ্ট ও সামঞ্জস্য বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br><br>এমএসওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ইত্যাদি ক্ষেত্রে বাধ্যতামূলক পারদর্শিতা থাকতে হবে। | • প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সময়ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং মাঠ পর্যায় ও প্রাসঙ্গিক সংস্থা সমূহ হতে কৃষি বেনিফিট বিষয়ক তথ্য সংগ্রহ করা;<br>• মাসিক/ত্রৈমাসিক/বাৎসরিক মনিটরিং কার্যক্রম, মধ্যমেয়াদী মূল্যায়ন ও প্রকল্প বাস্তবায়ন বিষয়ক পরিকল্পনা প্রণয়ন করা;<br>• পরিবীক্ষণ ও বাস্তবায়ন বিষয়ে সময় ভিত্তিক প্রতিবেদন প্রণয়ন করা;<br>• প্রকল্প পরিচালক/প্রকল্প ষ্টিয়ারিং কমিটি, প্রকল্প বাস্তবায়ন কমিটির চাহিদা মোতাবেক প্রতিবেদন প্রণয়ন করা;<br>• ভূমি বিষয়ক বিভিন্ন প্রতিবেদন প্রণয়ন করা; সভার কার্যপত্র, কার্যবিবরণী, প্রকল্প সম্পর্কিত বিষয়ে সার্কুলার প্রণয়ন করা;<br>• তিনি প্রধান কারিগরি বিশেষজ্ঞ/টিম |

| ক্র. নং | জনবলের প্রকার | সংখ্যা | সম্মানী ভাতা প্রতি মাসে (লক্ষ টাকায়) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | দায়িত্ব ও কর্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | লিডারকে প্রকল্প ও ভূমি ব্যবহার বিষয়ক বিভিন্ন টেকনিক্যাল রিপোর্ট প্রণয়নে সহায়তা করবেন;<br>● এনপিডি/ডিপিডি/টিম লিডার কর্তৃক নির্ধারিত প্রয়োজনীয় অন্যান্য বিবিধ কাজ। |
| ৩. | ল্যান্ড ইউজ প্ল্যানার | ১ জন | ২.০০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে মৃত্তিকা বিজ্ঞান/কৃষি বিজ্ঞান/ভূগোল/সংশ্লিষ্ট ও সামঞ্জস্য বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। ভূমি সংক্রান্ত কাজে কমপক্ষে ৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br><br>এমএসওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ইত্যাদি বিষয়ে পারদর্শিতা বাধ্যতামূলক। | ● প্রকল্পের সংশ্লিষ্ট অংশের কার্যক্রম ও টিম লিডার কর্তৃক নির্ধারিত কার্যক্রমের সমন্বয় সাধন করা;<br>● সামগ্রিক সম্পদ, ভূমি ব্যবহার পরিকল্পনা এবং ভূমি জোনিং বিষয়ে দায়িত্ব পালন। প্রকল্পের বিভিন্ন কার্যক্রম ও রিপোর্ট প্রণয়ন বিষয়ে বিভিন্ন সংস্থার সাথে যোগাযোগ রক্ষা করা;<br>● একটি মাল্টি ডিসিপ্লিনারি দলের সঙ্গে মাঠ পর্যায়ের কর্মকান্ডে অংশ গ্রহণ করা;<br>● বিভাগ/জেলা/উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান/কর্মশালার আয়োজন এবং প্রকল্পের কার্যক্রম বিষয়ে ফিডব্যাক গ্রহণ করা;<br>● প্রকল্পের সঠিক বাস্তবায়নের জন্য গাইডলাইন ও ডিজাইন প্রণয়ন ও প্রস্তত বিষয়ে দায়িত্ব পালন করা;<br>● এনপিডি/ডিপিডি/টিম লিডার নির্ধারিত অন্য যে কোন কার্যক্রম সম্পাদন। |
| ৪. | কৃষি বিশেষজ্ঞ | ১ জন | ২.০০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কৃষি বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br><br>এমএসওয়ার্ড, এক্সেল এবং পাওয়ার পয়েন্টে পারদর্শিতা বাধ্যতামূলক। | ● দলের অন্যান্য সদস্যদের সংগঠিত করে বর্তমান কৃষি জমি ব্যবহার বিষয়ে মাঠ পর্যায় ও সংশ্লিষ্ট সংস্থা সমূহ হতে তথ্য সংগ্রহ করা;<br>● প্রকল্প এলাকার জন্য ভূমি ব্যবহার ম্যাপ প্রণয়ন, প্রয়োজন বোধে প্রকল্প এলাকায় বিভিন্ন স্থান থেকে মাটি, পানি ও সংশ্লিষ্ট বিষয়ে নমুনা সংগ্রহ ও কৃষি জোনিং করা;<br>● বিভাগ/জেলা/ উপজেলা/ ইউনিয়ন পর্যায়ে কর্মশালা ও সচেতনা বৃদ্ধিমূলক কর্মসূচী আয়োজন এবং প্রকল্পের কার্যক্রম বিষয়ে অবহিত করণ;<br>● প্রাসঙ্গিক বিষয়ে প্রতিবেদন / ম্যাপ প্রণয়ন করা;<br>● তিনি প্রকল্প পরিচালক ও চিফ টেকনিক্যাল এক্সপার্ট/ টিম লিডারকে ভূমি ব্যবহার বিষয়েক প্রতিবেদন প্রণয়নে ও লিখনে সহায়তা করবেন; |

| ক্র. নং | জনবলের প্রকার | সংখ্যা | সম্মানী ভাতা প্রতি মাসে (লক্ষ টাকায়) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | দায়িত্ব ও কর্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | • এনপিডি/ডিপিডি/টিম লিডার কর্তৃক নির্ধারিত প্রয়োজনীয় বিবিধ বিষয়ে কর্ম সম্পাদন করা। |
| ৫. | মৎস্য স্পেসালিস্ট | ১ জন | ২.০০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মৎস্য/ সংশ্লিষ্ট ও সামঞ্জস্য বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>এমএসওয়ার্ড, এক্সেল এবং পাওয়ার পয়েন্টে ব্যবহারে পারদর্শিতা বাধ্যতামূলক। | • বিভিন্ন জলাশয়ের মৎস্য সম্পদের পরিসংখ্যান/ইনভেন্টরি প্রণয়ন ও মূল্যায়ন;<br>• মৎস্য সম্পদের ওপর কোন ধরনের হস্তক্ষেপ (intervention) এর ইতিবাচক ও নেতিবাচক প্রভাব নিরূপন;<br>• কৃষি, বন এবং অন্যান্য প্রাকৃতিক সম্পদ ক্ষতিগ্রস্থ না করে মৎস্য সম্পদ উন্নয়নের সম্ভাবনা চিহ্নিত করণ ও মাঠ পর্যায় হতে তথ্য সংগ্রহ করণ;<br>• বিভাগ/জেলা/ উপজেলা/ ইউনিয়ন পর্যায়ে ষ্টেকহোল্ডারদের কর্মশালা ও সচেতনা বৃদ্ধিমূলক কর্মসূচী আয়োজন এবং প্রকল্পের কার্যক্রম বিষয়ে অবহিত করণ, ফিডব্যাক গ্রহণ এবং মৎস্য ডাটা ও তথ্য সংগ্রহ করা;<br>• মৎস্য সম্পদ সংক্রান্ত বিভিন্ন প্রতিবেদন ও মানচিত্র প্রণয়নে এনপিডি/ডিপিডি ও টিম লিডারকে সহায়তা প্রদান এবং এনপিডি/ডিপিটি/টিম লিডার কর্তৃক প্রদত্ত অন্য যে কোন কার্যক্রম। |
| ৬. | বন স্পেসালিস্ট | ১ জন | ২.০০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বন বিদ্যা/ উদ্ভিদবিদ্যা/ সংশ্লিষ্ট ও সামঞ্জস্য বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>এমএসওয়ার্ড, এক্সেল এবং পাওয়ার পয়েন্ট ব্যবহারে পারদর্শিতা বাধ্যতামূলক। | • বর্তমান বন পরিস্থিতির সামগ্রিক মূল্যায়ন এবং বন জোনিং এর মাধ্যমে ভবিষ্যতের জন্য টেকসই বন ব্যবস্থাপনার প্রস্তাব করণ;<br>• বন সম্পদের ওপর কোন ধরনের হস্তক্ষেপ (intervention) এর ইতিবাচক ও নেতিবাচক প্রভাব মূল্যায়ন;<br>• কৃষি এবং অন্যান্য প্রাকৃতিক সম্পদ ব্যবহারকে ক্ষতিগ্রস্থ না করে বনজসম্পদ উন্নয়নের সম্ভাবনা চিহ্নিত করণ ও মাঠ পর্যায় হতে তথ্য সংগ্রহ করণ;<br>• বিভাগ/জেলা/উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে কর্মশালা ও সচেতনতা বৃদ্ধি মূলক কর্মসূচী আয়োজন এবং প্রকল্পের কার্যক্রম বিষয়ে অবহিত করণ ও ফিডব্যাক গ্রহণ;<br>• বন অধ্যায়ের জন্য প্রাসঙ্গিক ম্যাপ ও প্রতিবেদন প্রণয়নে পরিচালক ও টিম লিডার কে সহায়তা করণ;<br>• এনপিডি/ডিপিডি এবং টিম লিডার কর্তৃক নির্ধারিত অন্যান্য যে কোন বিবিধ কাজ। |

| ক্র. নং | জনবলের প্রকার | সংখ্যা | সম্মানী ভাতা প্রতি মাসে (লক্ষ টাকায়) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | দায়িত্ব ও কর্তব্য |
|---|---|---|---|---|---|
| ৭. | পরিবেশ স্পেসালিস্ট | ১ জন | ২.০০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিবেশ বিজ্ঞান/ মৃত্তিকা, পানি ও পরিবেশ/ ভূগোল/ সংশ্লিষ্ট ও সামঞ্জস্য বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br><br>এমএসওয়ার্ড, এক্সেল এবং পাওয়ার পয়েন্ট বিষয়ে পারদর্শিতা বাধ্যতামূলক। | ● বর্তমান পরিবেশ পরিস্থিতির বিষয়ে ইনভেনটরি প্রণয়ন করা এবং পরিবেশ মাপকাঠি বিষয়ক ভূমি চিহ্নিতকরণ বিষয় বিবেচনা করা;<br>● ভূমি জোনিং এরক্ষেত্রে ওপর পরিবেশ গত প্রভাব (EIA) নিরূপন করা;<br>● পরিবেশের ওপর ক্ষতিকর প্রভাব প্রশমিত করার জন্য Environmental Management Plan (EMP) প্রণয়ন;<br>● বিভাগ/জেলা/উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে কর্মশালা ও সচেতনা বৃদ্ধি মূলক কর্মসূচী আয়োজন এবং প্রকল্পের কার্যক্রম বিষয়ে অবহিত করণ ও ফিডব্যাক গ্রহণ;<br>● পরিবেশ অধিদপ্তর ও সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরের সাথে সংযোগ সহ তথ্যাদি সংগ্রহ করা ও মানচিত্র ও প্রতিবেদন প্রণয়ন ও লিখনে টিম লিডার কে সহায়তা করা;<br>● এনপিডি/ডিপিডি/টিম লিডারের চাহিদা মোতাবেক অন্যান্য যে কোন বিবিধ কর্ম সম্পাদন। |
| ৮. | সামাজিক ও প্রতিষ্ঠানিক স্পেসালিষ্ট | ১ জন | ২.০০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সমাজতত্ব/ সমাজ কল্যাণ/ সামাজিক বিজ্ঞান/ সংশ্লিষ্ট ও সামঞ্জস্য বিষয়ে সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৭ (সাত) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br><br>এমএসওয়ার্ড, এক্সেল, পাওয়ারপয়েন্ট পরিচালনায় পারদর্শিতা বাধ্যতামূলক। | ● ভূমি সম্পদের অবক্ষয়ের কারণে বর্তমান সামাজিক ও জীবন যাত্রার মানের উপর প্রভাব নিরুপণ করা;<br>● সঠিক ভূমি জোনিং এর জন্য Social Impact Assessment (SIA) সম্পন্ন করা;<br>● সাম্ভাব্য নেতিবাচক প্রভাব প্রশমিত করার লক্ষ্যে Social Management Plan (SMP) প্রণয়ন করা;<br>● সমাজকল্যাণ অধিদপ্তর ও সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরের সাথে যোগাযোগ সহ সম্ভাব্য তথ্যাদি সংগ্রহ করে সংশ্লিষ্ট মানচিত্র ও প্রতিবেদন সম্পন্ন করণ ও প্রণয়নে টিম লিডারকে সহায়তা করা;<br>● এনপিডি/ডিপিডি টিম লিডারের চাহিদা মোতাবেক যে কোন বিবিধ কর্ম সম্পাদন করা; |
| ৯. | নগর পরিকল্পনাবিদ | ১ জন | ২.০০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে নগর ও অঞ্চল পরিকল্পনা/ নগর ও গ্রামীণ পরিকল্পনা/ ভূগোল বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৭ (সাত) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। | ● গ্রামীণ ও শহর এলাকার উন্নয়ন ও সমস্যা নির্ণয়ের জন্য প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা।<br>● সংশ্লিষ্ট এলাকার জোনিং এর জন্য ভূমি ব্যবহার মানচিত্র প্রণয়নে সহায়তা করা।<br>● প্রাসঙ্গিক অধ্যায়ের জন্য প্রতিবেদন প্রণয়ন করা ও এসংক্রান্ত সংশ্লিষ্ট দপ্তর সমূহের |

| ক্র. নং | জনবলের প্রকার | সংখ্যা | সম্মানী ভাতা প্রতি মাসে (লক্ষ টাকায়) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | দায়িত্ব ও কর্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | এমএসওয়ার্ড, এক্সেল, পাওয়ারপয়েন্ট পরিচালনায় পারদর্শিতা বাধ্যতামূলক। | সঙ্গে যোগাযোগ রক্ষা করা।<br>• বিভাগ/জেলা/উপজেলা/ইউনিয়ন পর্যায়ে প্রশিক্ষণ কর্মশালা ও সচেতনতা বৃদ্ধিমূলক কর্মসূচী আয়োজন করে প্রকল্পের কার্যক্রম সম্পর্কে অবহিত করা ও ফিডব্যাক গ্রহণ করা;<br>• এনপিডি/ডিপিডি/টিম লিডার এর চাহিদা মোতাবেক প্রয়োজনীয় অন্য যে কোন বিবিধ কর্ম সম্পাদন করা। |
| ১০. | জিআইএস এবং রিমোট সেন্সিং এনালিস্ট | ১ জন | ০.৭০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে জিআইএস/ভূগোল/পুর কৌশলে স্নাতক /স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>জিআইএস ও রিমোট সেন্সিং ভূমিব্যবহার ও জোনিং মানচিত্র প্রণয়ন, ArcGIS এবং অন্যান্য প্রাসঙ্গিক সফটওয়্যার পরিচালনার ক্ষেত্রে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>জিআইএস এবং রিমোট সেন্সিং এনালিষ্ট হিসেবে কমপক্ষে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>নগর ও আঞ্চলিক পরিকল্পনা এবং সমজাতীয় প্রকল্পের কাজের অভিজ্ঞতাকে অগ্রাধিকার প্রদান করা হবে। | • জিআইএস ও রিমোট সেন্সিং উপাত্তসমূহ সংগ্রহ, বিশ্লেষণ ও ব্যাখ্যা করে ভূমি ব্যবহার শ্রেণী (Land Use Classes) তে বিভক্ত করে জোনিং ম্যাপ প্রণয়ন করা;<br>• SPARRSO, CEGIS এবং সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠান সমূহের সঙ্গে লিয়াঁজো বজায় রেখে উপাত্ত সংগ্রহ ও ব্যাখ্যা করা;<br>• প্রাসঙ্গিক অধ্যায়ের প্রতিবেদন প্রণয়ন করা;<br>• এনপিডি/ডিপিডি/টিম লিডারের চাহিদা মোতাবেক যে কোন বিবিধ কর্ম সম্পাদন করা। |
| ১১. | ডাটা প্রসেসর (উপাত্ত প্রক্রিয়াকারী) | ১ জন | ০.৭০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/কলেজ থেকে যে কোন বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। কম্পিউটার পরিচালনায় কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>অনুরূপ সরকারি/আধাসরকারি প্রকল্প কাজের অভিজ্ঞতাকে প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।<br>এমএসওয়ার্ড, এক্সেল, পাওয়ারপয়েন্ট পরিচালনায় পারদর্শিতা বাধ্যতামূলক। | • প্রতিবেদন টাইপিং, কম্পোজিং, বিন্যাস ও ডিজাইন ইত্যাদি প্রণয়ন করা;<br>• সংশ্লিষ্ট সফটওয়্যার এর মাধ্যমে কম্পিউটারে উপাত্ত প্রবিষ্ট করা ও সঞ্চিতকরা। জেলা/উপজেলা পর্যায়ে কর্মশালা পরিচালনায় অংশগ্রহণ করা।<br>• এনপিডি/ডিপিডি/টিম লিডারের চাহিদা মোতাবেক অন্যান্য কার্যক্রম পরিচালনা করা। |

বি:দ্র: পরামর্শকদের সম্মানী হতে বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট কর্তন করা হবে।